

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৬.১৭-২১

তারিখঃ ২০/০২/২০১৮ খ্রিঃ


বিষয়ঃ অনলাইন অটোমেটেড নোট প্রসেসিং মেশিন ক্রয়ের নিমিত্তে দরদাতা প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তির বিষয়ে
মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ডিসিএম(ইপ্রশা)/১৬৯(টি-অটো)/২০১৮-৩৬৪; তারিখঃ ০১/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুক্তিতে উল্লিখিত Country of Origin এর স্থলে সরবরাহতব্য পণ্যের Country of Origin ভিন্ন হলে, উক্ত ক্ষেত্রে Country of Origin পরিবর্তনের আর্থিক প্রভাব কার্যাদেশ প্রাপ্ত সরবরাহকারীর দরপত্র মূল্যায়নকালীন প্রতিযোগিতামূলক অবস্থানের কোনরূপ পরিবর্তনবাহী না হলে, সংশ্লিষ্ট Risk factors গুলো (ব্যয়, কারিগরি মান, ব্যবহারের উপযুক্ততা ইত্যাদি) বিশ্লেষণ করে ক্রয়কারী পদক্ষেপ গ্রহণ করতে পারে। তবে Country of Origin উল্লেখ করার ক্ষেত্রে কোন ভৌগলিক এলাকা, আঞ্চলিক জোট ইত্যাদির স্থলে সুনির্দিষ্ট দেশের নাম উল্লেখ থাকা প্রয়োজন। উল্লেখ্য, চুক্তিতে অন্তর্ভুক্ত শর্তাদির কোনরূপ পরিবর্তনের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD), PG4 এর General Condition of Contract (GCC)-এর Clause-46 (Amendment to Contract) অংশে বিশদ নির্দেশনা রয়েছে।

০২। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

জনাব মোঃ সুলতান মাসুদ আহমেদ
মহাব্যবস্থাপক
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, মতিঝিল
ঢাকা-১০০০।


মোসাম্মা হাবিব
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপিঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।